



বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৫-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মহিলা ফুটবল দলের যে সকল খেলোয়াড়গণ চলতি বছর এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে উক্ত খেলোয়াড়দের নিয়ে স্পন্দর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপ এক সংবর্ধনা অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সংবর্ধনা অনুষ্ঠান আগামী ০৭-১১-২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মতিঝিলস্থ বাফুফে ভবনের ৩য় তলার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হবে।

সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাফুফে'র সম্মানীত সভাপতি কাজী মোঃ সালাহউদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ফিফা কাউন্সিল মেম্বর, বাফুফে ও এএফসি সদস্য এবং বাফুফে মহিলা ফুটবল কমিটির চেয়ারপার্সন মাহফুজা আক্তার কিরণ, বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ এবং স্পন্দর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষে এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন।

উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে সকল ইলেকট্রনিক/প্রিন্ট মিডিয়ার সকল সম্মানীত ক্রীড়া সাংবাদিক এবং ফটো সাংবাদিক বৃন্দকে উপস্থিত থাকার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।